সমকাল

তারিখ: 30 SEP 2016
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...


শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সিলেট-৩১১৪, বাংলাদেশ
পিএবিএক্স: ০৮২১-৭১৩৪৯১/৭১৪৪৭৯/ ৭১৬১২৩ /৭১৩৮৫০/৭১৭৮৫০/৭১৫৩৯৩
ফ্যাক্স: ৮৮-০৮২১-৭১৫২৫৭
ই-মেইল: registrar@sust.edu

Shahjalal University of Science & Technology
Sylhet-3114, Bangladesh
PABX : 0821-713491/714479/ 716123/713850/717850/715393
FAX : 88-0821-715257
e-mail : registrar@sust.edu


স্মারক নং-একা-১৬/২২২/৫/৪৯

তারিখ: ২৭-৯-১৬

# বিজ্ঞপ্তি

## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিনেটে ১০ (দশ) জন রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনের জন্য রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েট হিসেবে তালিকাভুক্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় প্রথম সংবিধির ১০ নং তফসিলের (১) নং ধারা অনুযায়ী গ্রাজুয়েট হওয়ার কমপক্ষে পাঁচ বৎসর অতিক্রান্ত হলে রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েট হিসেবে ১০০/- (একশত) টাকা রেজিষ্ট্রেশন ফি প্রদানপূর্বক রেজিষ্টারে নাম তালিকাভুক্তি করতে পারবেন। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন ১৯৮৭ এর আর্টিক্যাল ২১(ড) অনুযায়ী রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েটদের মধ্য থেকে বিশ্ববিদ্যালয় সিনেটে ১০(দশ) জন প্রতিনিধি নির্ধারণের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে। রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েটের জন্য ৮ ডিসেম্বর, ২০১৬ তারিখের মধ্যে যারা তালিকাভুক্ত হবেন কেবলমাত্র তাঁরাই নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।

**গ্রাজুয়েটদের রেজিষ্ট্রেশনের জন্য শর্তাবলী ও নির্ধারিত ফি নিম্নরূপ:**

০১। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যে সকল গ্রাজুয়েটদের ফলাফল ০১ অক্টোবর, ২০১১ইং তারিখ বা তার পূর্বে প্রকাশিত হয়েছে, কেবলমাত্র তাঁরাই রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েট হিসাবে তালিকাভুক্তি হওয়ার জন্য আবেদন করতে পারবেন। সার্টিফিকেটের পিছনে ফলাফল প্রকাশের তারিখ উল্লেখ রয়েছে। অন্য কোন বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট আবেদন করতে পারবেন না।

০২। বিশ্ববিদ্যালয়ের কোন গ্রাজুয়েট মাত্র ১০০/- (একশত) টাকা ফিস প্রদান করে রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েটদের রেজিষ্টারে নাম তালিকাভুক্তি করতে পারবে।

০৩। তালিকাভুক্ত রেজিষ্টার গ্রাজুয়েট কোন ব্যক্তি মাত্র ১০০/- (একশত) টাকা বার্ষিক ফিস প্রদান করে আজীবন রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েটদের সুযোগ-সুবিধা ভোগ করার অধিকারী হবেন। তবে শর্ত থাকে যে, কোন রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েট তাঁর নাম রেজিষ্টারীকরণের প্রথম বৎসর হতে ক্রমাগত পনের বৎসরের বার্ষিক ফিস প্রদান করে আমরণ বা ইস্তফা প্রদান না করা পর্যন্ত আর কোন ফিস প্রদান না করেই রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েট হিসেবে তালিকাভুক্তি থাকার অধিকারী হবেন।
আরও শর্ত থাকে যে, কোন রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েট উপরোক্তভাবে রেজিষ্টারভুক্ত হওয়ার পর যে কোন সময়ে বার্ষিক ফিস বাবদ একত্রে মাত্র ১০০০/- (এক হাজার) টাকা প্রদান করে অনুরূপ ফিস প্রদানের তারিখ হতে আজীবন বা ইস্তফা প্রদান না করা পর্যন্ত আর কোন ফিস প্রদান না করেই রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েটের সুযোগ-সুবিধা ভোগ করতে থাকবেন।

০৪। বিশ্ববিদ্যালয়স্থ সোনালী ব্যাংক শাখার 'শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়' খাতের হিসাব নং-৩৬০০০০৪২, সোনালী ব্যাংক লি: শাবিপ্রবি শাখা, সিলেট-এ ০২/১০/২০১৬ইং থেকে ০৮/১২/২০১৬ইং তারিখ পর্যন্ত নির্ধারিত ফি জমা দেয়া হবে।

০৫। আবেদন ফরম বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.sust.edu) পাওয়া যাবে। এছাড়া রেজিষ্টার দপ্তরের ১০২ ও ১০৩ নং কক্ষ থেকে ফরম সংগ্রহ ও পূরণকৃত ফরম জমা দেয়া যাবে।

০৬। আবেদনপত্রের নির্ধারিত ফরমসহ (ফরম পূরণপূর্বক) ডিগ্রী সার্টিফিকেটের ফটোকপি (উভয় পৃষ্ঠা), ১ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, ব্যাংক রশিদের কপি স্ক্যান করে বর্ণিত (reggraduate16.sust@gmail.com) ই-মেইলে প্রেরণ করে রেজিষ্টারভুক্ত গ্রাজুয়েট হিসেবে নাম অন্তর্ভুক্ত করা যাবে।

মুহাম্মদ ইশফাকুল হোসেন
রেজিষ্ট্রার, শাবিপ্রবি, সিলেট

পিসি-৪৩৮৯/১৬ (৭"× ৩)